

পেমেন্ট সিস্টেমস্ ডিপার্টমেন্ট
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা

পিএসডি সার্কুলার লেটার নং ১২

২৫ আগস্ট ২০২১
তারিখ : -----
১০ ভাদ্র ১৪২৮

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক
সকল মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিসেস (এমএফএস) প্রোভাইডার

প্রিয় মহোদয়,

ক্রেডিট কার্ডের বিল পরিশোধ এবং মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিসেস (এমএফএস) প্রোভাইডার এর ব্যক্তি হতে ব্যক্তি (পি-টু-পি) লেনদেন সম্পর্কিত নির্দেশনা প্রদান প্রসঙ্গে।

এ বিভাগের ০৪/০৪/২০২১ তারিখের পিএসডি সার্কুলার নং-০৪/২০২১ এর প্রতি মনযোগ আকর্ষণ করা যাচ্ছে।

- উক্ত সার্কুলারের ৩(গ) ধারায় লেট পেমেন্ট ফি আরোপ না করে ক্রেডিট কার্ডের বিল পরিশোধের তারিখ সরকার ঘোষিত সার্বিক কার্যাবলী/চলাচলে নিষেধাজ্ঞা আরোপকালীন সময়সীমার মধ্যে নির্ধারিত থাকলে উক্ত বিল পরিশোধের তারিখ নিষেধাজ্ঞা স্থগিত হওয়ার পরবর্তী ০৫ কর্মদিবস পর্যন্ত পুনঃনির্ধারণ/বর্ধিত করার জন্য পরামর্শ প্রদান করা হয়েছিল। একইসাথে, নিষেধাজ্ঞা আরোপকালীন সময়সীমার মধ্যে শুধুমাত্র প্রিন্সিপাল এমাউন্টের উপর সুদ আরোপ করা যাবে এবং পরবর্তী মাসের বিলে, পূর্ববর্তী মাসের বিলের সুদের উপর কোন প্রকার নতুন সুদ আরোপ করা যাবে না মর্মে নির্দেশনা প্রদান করা হয়েছিল।


ইতোমধ্যে স্বাস্থ্যবিধি পরিপালন সাপেক্ষে দোকানপাট/শপিংমল খোলাসহ গণপরিবহন ব্যবস্থা চালু করা হয়েছে বিধায় এফগে পূর্বোক্ত পিএসডি সার্কুলার নং-০৪/২০২১-এ উল্লিখিত ক্রেডিট কার্ডের বিল পরিশোধের মেয়াদ, লেট পেমেন্ট ফি ও সুদ সংক্রান্ত নির্দেশনাসমূহ প্রত্যাহারপূর্বক ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগের ২৪ সেপ্টেম্বর ২০২০ তারিখের বিআরপিডি সার্কুলার লেটার নং ৪৭-এর নিম্নলিখিত নির্দেশনা অনুসরণের পরামর্শ প্রদান করা হলোঃ

- ক) ক্রেডিট কার্ডের বিল পরিশোধের জন্য নির্ধারিত সর্বশেষ তারিখের অব্যবহিত পরের দিন হতে ক্রেডিট কার্ডের অপরিশোধিত বিলের উপর সুদ/মুনাফা আরোপযোগ্য হবে। এক্ষেত্রে কোনভাবেই লেনদেনের তারিখ হতে সুদ আরোপ করা যাবে না;
- খ) বিলশে পরিশোধিত কোন বিলের বিপরীতে শুধুমাত্র একবার বিলম্ব ফি (অন্য যে নামেই অভিহিত হোক না কেন) আদায় করা যাবে।

- খ) উক্ত সার্কুলারের ৩(খ) ধারায় বর্ণিত মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিসেস (এমএফএস) প্রোভাইডার এর ব্যক্তি হতে ব্যক্তি (পি-টু-পি) লেনদেনের নির্দেশনাসমূহ নিম্নোক্তভাবে পরিপালনের নির্দেশনা দেয়া হলোঃ
 - ক) ব্যক্তি হতে ব্যক্তি (পি-টু-পি) লেনদেনের সর্বোচ্চ মাসিক সীমা ২,০০,০০০/- টাকা বহাল থাকবে;
 - খ) ব্যক্তি হতে ব্যক্তি (পি-টু-পি) লেনদেনের চার্জ আরোপের ক্ষেত্রে মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিসেস (এমএফএস) প্রোভাইডারসমূহ নিজস্ব ব্যবসায়িক নীতি অনুসারে সিদ্ধান্ত গ্রহণ করবে।

উল্লিখিত নির্দেশনা ব্যতীত পেমেন্ট সিস্টেমস্ ডিপার্টমেন্ট-এর ১৯ মে ২০১৯ তারিখের পিএসডি সার্কুলার নং-০১/২০১৯ এর অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মুহম্মদ বদিউজ্জামান দিদার)
উপমহাব্যবস্থাপক
ফোনঃ ০২- ৯৫৩০৬১১